কালের কণ্ঠ

তারিখ 04 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ৮

# এইচএসসির ফরম পূরণ ১৪ থেকে ২১ ডিসেম্বর

নিজস্ব প্রতিবেদক ▷

উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ১৪ থেকে ২১ ডিসেম্বরের মধ্যে শিক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে। তবে ১০০ টাকা বিলম্ব ফি দিয়ে ২৪ থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত এ ফরম পূরণ করা যাবে।

গত বৃহস্পতিবার ঢাকা শিক্ষা বোর্ড এ ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করে। অন্যান্য বোর্ডও একে একে বিজ্ঞপ্তি প্রকাশ করছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১২ ডিসেম্বরে নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শন করা হবে। এরপর ১৪ ডিসেম্বর থেকে ফরম পূরণ শুরু হবে। আগামী ১ এপ্রিল ২০১৮ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হওয়ার কথা রয়েছে।

এবার প্রতি বিষয়ের জন্য শিক্ষার্থীদের ফি দিতে হবে ৯৫ টাকা। এ ছাড়া প্রতি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা ফি ২৫ টাকা, শিক্ষার্থীপ্রতি একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি ৫০ টাকা, সনদ ফি ১০০ টাকা, রোভার স্কাউট ও গার্লস গাইড ফি ১৫ টাকা, জাতীয় শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা ও শিক্ষার্থীপ্রতি কেন্দ্র ফি ৩০০ টাকা নির্ধারণ করা হয়েছে। সেই হিসাবে বিলম্ব ফি বাদে বিজ্ঞান বিভাগের একজন শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ পরীক্ষা ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার ৭৬০ টাকা। তবে ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের যাদের ব্যবহারিক পরীক্ষা নেই তাদের এ পরীক্ষা ফি আরো কমবে।